দৈনিক ইত্তেফাক

তারিখ 10 OCT 2017
পৃষ্ঠা 2 কলাম ১

# এমবিবিএসে ভর্তির ফল প্রকাশ

বিশেষ প্রতিনিধি

চলতি বছর সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সের প্রথম বর্ষে (২০১৭-১৮) ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যায় এ ফলাফল প্রকাশিত হয়। এ বছর এমবিবিএস প্রথম বর্ষে ভর্তি হওয়ার জন্য ন্যূনতম ৪০ নম্বর পেয়েছেন মোট ৪১ হাজার ১৩২ জন ছাত্রছাত্রী। স্বাস্থ্য অধিদপ্তরের একটি সূত্র জানিয়েছে, এবারের ভর্তি পরীক্ষায় ৯০ এর বেশি নম্বর পেয়েছেন দুজন শিক্ষার্থী।

দেশের ৩১টি সরকারি মেডিক্যাল কলেজে মোট আসন ৩ হাজার ৩১৮টি। ১৭ অক্টোবর থেকে ২৮ অক্টোবর পর্যন্ত এই কলেজগুলোতে ভর্তি কার্যক্রম চলবে। জাতীয় মেধাতালিকার ভিত্তিতে সরকারি ৩১টি মেডিক্যাল কলেজে ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন ৩ হাজার ৩১৮ পরীক্ষার্থী। অপেক্ষমাণ তালিকায় রাখা হয়েছে ৫০০ জনকে। এরপর বেসরকারি মেডিক্যাল কলেজে ভর্তি শুরু হবে। বেসরকারি মেডিক্যাল কলেজের মোট আসন ৬ হাজার ২২৫টি। এর আগে গত শুক্রবার সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস প্রথম বর্ষের এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। কঠোর নিরাপত্তা ব্যবস্থা বজায় থাকায় এবার প্রশ্ন ফাঁসের কোনো গুজবও উঠেনি। চলতি বছর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ৮০ হাজার ৮১৮ জন। এবারই প্রথম দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের ৫ নম্বর কাটা যাবে।

এদিকে এমবিবিএস ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। এক শুভেচ্ছা বার্তায় তিনি কৃতকার্য শিক্ষার্থীদের সুষ্ঠুভাবে পড়ালেখা শেষ করে দক্ষ চিকিৎসক হিসেবে দেশের সাধারণ মানুষের সেবায় নিয়োজিত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এদিকে স্বাস্থ্যমন্ত্রী মেডিক্যাল কলেজে ভর্তি হওয়া শিক্ষার্থী যাতে সঠিকভাবে পড়ালেখা করে সেজন্য অভিভাবকদের সচেতন থাকার আহ্বান জানান। পাশাপাশি এমবিবিএস ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য মোহাম্মদ নাসিম ওভারসাইট কমিটির সদস্যবৃন্দ, বিশেষ করে শিক্ষাবিদ, সাংবাদিক ও জ্যেষ্ঠ চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান।